# ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

**ভিষন ২০২১** অনুযায়ী জনপ্রতি দুধ, মংস ও ডিমের চাহিদার লক্ষ্যমাত্রা যথাক্রমে ২৫০মিলি/দিন, ১২০ গ্রাম/দিন ও ১০৪টি/বছর পূরণের জন্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বাগাতিপাড়া, নাটোর এর বিভিন্ন উদ্যোগ গ্রহন করেছে। গবাদিপশু রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুনগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন। দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষ জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন ব্রাহমা গরুর জাত সংযোজন। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তি প্রচলন । তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান,আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্কিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সকলের জন্য নিরাপদ,পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহ নিশ্চিতকরণ, প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ কল্পে বিভাগীয়ভাবে কারিগরী সহায়তা প্রদান আরও জোরদার করণ।